

Health, Happiness & Dignity for All



www.sajidafoundation.org

নিরাপদ কর্মক্ষেত্র

উদ্দেশ্য :	কভিড'১৯ প্রতিরোধে কর্মক্ষেত্র নিরাপদ রাখা এবং ব্যক্তি জীবনকে সুরক্ষিত রাখা
যাদের জন্য প্রযোজ্য :	সাজেদা ফাউন্ডেশনে কর্মরত সকল কর্মী
প্রাথমিক করণীয় :	প্রত্যেক কর্মী নিজ নিজ অবস্থানে থেকে কর্ম-পরিবেশ পরিচ্ছন্ন করতে উদ্যোগী হবে; সরাসরি পরিচ্ছন্ন কাজে নিয়োজিত এবং পরিচ্ছন্ন কাজ তদারককারীর প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে ফাউন্ডেশনে কর্মরত সকল পর্যায়ের কর্মীদেরকে সচেতন করার জন্য প্রয়োজনীয় সকল তথ্য নিশ্চিত করতে হবে
দায়িত্বপ্রাপ্ত বিভাগ :	প্রশাসন বিভাগ
প্রধান কার্যালয় :	অভ্যর্থনা কক্ষে স্যানিটাইজার/ hexisol (শুধুমাত্র ৭০% অ্যালকোহল আছে এমন

স্যানিটাইজার যা জীবাণুমুক্ত করতে সক্ষম) নিশ্চিত করতে হবে; হাত জীবাণুমুক্ত করার পরই অফিসে প্রবেশ করা যাবে; অফিসে আগত সকলের জন্য এটি প্রযোজ্য। প্রধান ফটকসহ সকল ফটকের হাতল, চেয়ারের হাতল, ফোন এবং টেবিলের উপরিভাগ প্রতি ১ ঘন্টা পর পর hexisol দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। বিশেষ প্রয়োজন না হলে দরজা খোলা রাখতে হবে। লিফট এর ব্যবহার কমিয়ে সিডি ব্যবহার করা শ্রেয়। প্রতিবার আপ এবং ডাউনে লিফট বাটন জীবাণুমুক্ত করতে হবে।

পর্যাপ্ত সংখ্যক স্যানিটাইজার/হ্যান্ড রাব অফিসের বিভিন্ন স্থানে নিশ্চিত করা হবে যেন জীবাণুমুক্ত পরিবেশে কাজ করা সম্ভব হয়।

হাত জীবাণুমুক্ত রাখতে সাবান দিয়ে হাত ধোওয়া সবচেয়ে নিরাপদ পন্থা; অফিসে এবং গৃহে অবস্থানের ক্ষেত্রে বার বার (এক নাগাড়ে ২০ সেকেন্ড) সাবান দিয়ে হাত জীবাণুমুক্ত করুন এবং ভ্রমণে স্যানিটাইজার/ hexisol ব্যবহার করুন।

ক্রিনারগণ হ্যাণ্ড গ্রাভ্‌স এবং হেড ক্যাপ পরে পরিচ্ছন্নতা কাজ নিশ্চিত করবেন। হ্যাণ্ড গ্রাভ্‌স প্রতি ঘন্টায় এবং হেড ক্যাপ প্রতি ২ ঘন্টা পর পর পরিবর্তন করবেন।

সকল চা কর্ণারে গরম পানি ও অন্যান্য উপকরণ থাকবে, কর্মীগণ নিজ নিজ কাপ ব্যবহার করে চা/কফি পান করবেন।

খাবারের জন্য নিজ অবস্থানে বসে খাবার খেতে পারবেন; এক্ষেত্রে নিজের প্লেট (প্রয়োজন হলে) কর্মী নিজে নিয়ে আসবেন এবং নিজ ব্যবস্থায় পরিষ্কার করবেন। Wash Basin গরম পানি দিয়ে নিয়মিত পরিষ্কার করা হবে। সকল স্থানে পেপার টাওয়েল এবং টিস্যু নিশ্চিত করা হবে।

অতিথি আপ্যায়নের পূর্বে স্যানিটাইজার/হ্যান্ড রাব ব্যবহার করবেন এবং অতিথি আপ্যায়নে (পরবর্তি নির্দেশ না দেওয়া পর্যন্ত) শুধুমাত্র চা পরিবেশন করা হবে।

টয়লেটে পর্যাপ্ত তরল সাবান নিশ্চিত করা হবে যেন সকল কর্মী নির্দিষ্ট সময় পর পর সাবান দিয়ে হাত ধুতে পারেন।

পরিদর্শক সংখ্যা নিয়ন্ত্রনে রাখতে সকল (একান্ত প্রয়োজন না হলে) মিটিং স্থগিত থাকবে; প্রযুক্তি ব্যবহার করে বহিঃযোগাযোগ ব্যবস্থা সচল রাখা হবে।

অভ্যন্তরীণ মিটিং যথাযথ নিয়ম মেনে করতে হবে এবং মিটিং এর পূর্বে মিটিং স্থান জীবাণুমুক্ত করা করা হবে।

ফু জাতীয় সমস্যা হলে ছুটি নিতে হবে।



+88 02 9890513 | +88 02 9851511
+88 02 9862165 | +88 0177772001



SAJIDA FOUNDATION
OTORI Centre Level 5 Plot 12 Block CWC (C)



sajida@sajidafoundation.org
inquiry@sajidafoundation.org

শাখা কার্যালয়/প্রজেক্ট অফিসঃ

অফিসে প্রবেশের পূর্বে সাবান দিয়ে হাত ধোওয়া/ hexisol (শুধুমাত্র ৭০% অ্যালকোহল আছে এমন স্যানিটাইজার যা জীবাণুমুক্ত করতে সক্ষম) দিয়ে হাত জীবাণুমুক্ত নিশ্চিত করতে

হবে; হাত জীবাণুমুক্ত করার পরই কর্মী/সদস্য/অতিথি অফিসে প্রবেশ করবেন। সকল টয়লেটে তরল সাবান নিশ্চিত করবেন যেন সহজে হাত ধোয়া যায়।

প্রধান ফটকসহ সকল ফটকের হাতল, চেয়ারের হাতল এবং টেবিলের উপরিভাগ প্রতি ১ ঘন্টা পর পর hexisol দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। বিশেষ করে বিতরণপূর্ব এবং বিতরণ পরবর্তি সময়ে hexisol দিয়ে জীবাণুমুক্ত করবেন।

সকল কর্মীর জন্য hexisol নিশ্চিত করতে হবে যেন প্রতিবার টাকা গণনা বা অন্যান্য কাজ শেষে হাত জীবাণুমুক্ত করা যায়। ভ্রমণে অবশ্যই hexisol দিয়ে হাত জীবাণুমুক্ত করতে হবে।

পর্যাপ্ত সংখ্যক হ্যান্ড রাব(hexisol) অফিসের বিভিন্ন স্থানে নিশ্চিত করা হবে যেন জীবাণুমুক্ত পরিবেশে কাজ করা সম্ভব হয়।

অভ্যন্তরীণ মিটিং যথাযথ নিয়ম মেনে করতে হবে এবং মিটিং এর পূর্বে মিটিং স্থান জীবাণুমুক্ত করা হবে।

কর্মীগণ নিজ নিজ কাপ/প্রেট/চামচ নিশ্চিত করবেন এবং প্রতিবার ব্যবহারের পর নিজ দায়িত্বে কাপ এবং প্লেট ধুয়ে রাখবেন। কুক গরম পানির মাধ্যমে Wash Basin/ Basin প্রয়োজনীয় সংখ্যক বার ধোয়ার ব্যবস্থা করবেন।

বিশেষ প্রয়োজন ছাড়া সদস্যদেরকে অফিসে আসা নিরুৎসাহিত করতে হবে; তবে সদস্য অফিসে আসলে হাত ধোয়ার নিয়ম অবশ্যই পালন করতে হবে।

সকলকে সচেতন করতে দৃশ্যমান স্থানে কভিড'১৯ সংক্রান্ত ব্যানার নিশ্চিত করতে হবে।

ফু জাতীয় সমস্যা হলে ছুটি নিতে হবে।

আমরাও মানুষ/হাসপাতাল :

আমরাও মানুষ/সদরঘাট সার্ভিস সেন্টার/হাসপাতাল ইতোপূর্বে প্রবর্তিত এসওপি মেনে চলবেন

কার পুল :

ড্রাইভারগণ দিনের শুরুতেই গাড়ীর সিট, ছইল, ড্যাসবোর্ড এবং গিয়ারসহ অন্যান্য অংশ hexisol দিয়ে জীবাণুমুক্ত করবেন এবং প্রতিবার ড্রাইভিং শেষে hexisol দিয়ে পরিষ্কার করবেন।

সাধারণ নিয়মাবলী :

হ্যাণ্ডশেক ও কোলাকুলি পরিহার করুন

বাইরের খাবার বিশেষ করে চা ও পান ইত্যাদি পরিহার করুন

ঘরে - বাইরে সকল পর্যায়ে সাবান দিয়ে হাত ধোয়া চর্চা করুন

অধিক জনসমাগম হয় এমন স্থান পরিহার করুন

ভ্রমণে স্যানিটাইজার/হ্যান্ড রাব (hexisol) কাছে রাখুন

জ্বর/সর্দি-কাশি হলে মাস্ক ব্যবহার করুন; প্রয়োজন হলে ছুটি দিন; ঘরে থেকে চিকিৎসকের পরামর্শ নিন

সর্বদা হাইজিন নীতি মেনে চলুন

সকল সুপারভাইজার জীবাণুমুক্তকরণ প্রক্রিয়া নিশ্চিতকরণে দায়িত্বশীল ভূমিকা রাখবেন

সঠিক তথ্য জানতে শুধুমাত্র সরকারী তথ্য এবং WHO এর তথ্যের উপর নির্ভর করুন

প্রয়োজন হলে নিচে বর্ণিত নম্বরে যোগাযোগ করুন;

০১৯৪৪৩৩৩২২২, ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫,

০১৫৫০০৬৪৯০১-০৫, ১৬২৬৩

প্রস্তুতকারী	সুপারিশকারী	অনুমোদনকারী
		